



44 Holland Avenue  
Albany, NY 12229-0001



NEW YORK  
STATE OF  
OPPORTUNITY  
Office for People With  
Developmental Disabilities



Office for People With  
Developmental Disabilities



# Right@Home

বাসাতে প্রাপ্ত সহায়তা এবং  
গৃহসংস্থান সহায়তা



(866) 946-9733 | NY রিলে সিস্টেম 711

[www.opwdd.ny.gov](http://www.opwdd.ny.gov)



অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিসেবিলিটিস (OPWDD) আপনাকে নিজের বাসাতে বা আপনার কমিউনিটির কোনও বাসাতে থাকার জন্য সহায়তা সরবরাহ করে যাতে আপনি যতটা সম্ভব স্বনির্ভর থাকতে পারেন।

## পরিবারের সাথে বাসাতে থাকা বা নিজের জায়গায় স্বনির্ভরভাবে বসবাস করা:

**কমিউনিটি হ্যাবিলিটেশন (CH)** এমন একটি পরিষেবা যা আপনি বাসাতে এবং কমিউনিটির মধ্যে পেতে পারেন যা আপনাকে নিরাপদে এবং আরও স্বনির্ভরভাবে বাঁচতে প্রয়োজনীয় দক্ষতা শিখতে এবং বজায় রাখতে সহায়তা করার জন্য কর্মীদের সরবরাহ করা হয়, যেন আপনি মানুষের সাথে দেখা-সাক্ষাৎ করতে এবং বন্ধুত্বের সম্পর্ক নির্মাণ করতে, কমিউনিটির ক্রিয়াকলাপে অংশগ্রহণ করতে এবং আপনার কমিউনিটির অংশ হতে পারেন। কমিউনিটি হ্যাবিলিটেশন সেলফ-ডাইরেক্টেড বা কোনও এজেন্সি দ্বারা পরিচালিত হতে পারে।

**এনভাইরনমেন্টাল মডিফিকেশনস (e-mods)**-র মধ্যে আপনার বাসাতে করা গঠনগত পরিবর্তনগুলি যেমন র‍্যাম্প, এলিভেটর বা হ্যান্ড-রেইলগুলি অন্তর্ভুক্ত যা আপনাকে আপনার বাসাতে নিরাপদে থাকতে এবং কমিউনিটির মধ্যে বেরিয়ে আসতে সহায়তা করতে পারে।

**লিভ-ইন কেয়ারগিভার:** আপনি যদি স্বনির্ভরভাবে জীবনযাপন করেন এবং আপনার বাসাটি অন্য কোনও ব্যক্তির সাথে শেয়ার করে নেন যিনি আপনাকে স্বনির্ভরভাবে বাঁচতে সমর্থন করেন তাহলে আপনি লিভ-ইন কেয়ারগিভার পরিষেবাগুলির জন্য যোগ্যতা অর্জন করতে পারেন। এই পরিষেবাগুলি, যা সেলফ-ডাইরেক্টেড হতে পারে বা কোনও এজেন্সি দ্বারা পরিচালিত হতে পারে, লিভ-ইন কেয়ারগিভারের জন্য ঘর ও বোর্ডের খরচ সরবরাহ করে যা:

- অবশ্যই আপনার সাথে সম্পর্কহীন হতে হবে (পরিষেবাগুলি গ্রহণকারী ব্যক্তি)
- আপনার বাসাতে আপনার সাথে থাকে, বা আপনার সাথে বাইরে যায় এবং নিশ্চিত করে যেন আপনি নিরাপদ এবং সুস্থ থাকেন।

**পেইড নেবার:** আপনি যদি আপনার পরিষেবাগুলি সেলফ-ডাইরেক্ট করেন তবে OPWDD আপনাকে স্বাধীনভাবে বেঁচে থাকতে এবং একজন প্রতিবেশীকে চয়ন করতে সহায়তা করবে যাকে "অন-কল" থাকার জন্য অর্থ প্রদান করা হয় যেন যদি আপনার কোনও সমস্যার কারণে বা কোনও নির্দিষ্ট কাজ করার জন্য প্রয়োজন হয় তাহলে আপনাকে সহায়তা করা যায়।

**ফ্যামিলি কেয়ার:** OPWDD আপনাকে ফ্যামিলি কেয়ার হোম নামে পরিচিত অন্য পরিবারের বাসাতে থাকতে সহায়তা করে। ফ্যামিলি কেয়ার হোমটিকে OPWDD সার্টিফিকেট দেয় বা এর তত্ত্বাবধান করে এবং এটি এ কথা নিশ্চিত করে যেন আপনার নিরাপদ এবং সক্রিয় থাকার জন্য এবং পরিবারগুলি যা করে থাকে তা করার জন্য প্রয়োজনীয় সহায়তা করা হয়, যেমন একসাথে খাওয়া এবং একসাথে সময় কাটানো।



**ইন্ডিভিজুয়ালাইজড রেসিডেন্সিয়াল অস্টারনেটিভস (IRAs):** আপনাকে কমিউনিটির একটি সার্টিফিকেটপ্রাপ্ত IRA নামে পরিচিত বাসাতে অল্প সংখ্যক অন্যান্য বিকাশগত প্রতিবন্ধিতা থাকা ব্যক্তির সাথে থাকার জন্যও সহায়তা করা যেতে পারে। বাসাটি পরিচালনাকারী এজেন্সিটি নিশ্চিত করবে যেন আপনার প্রয়োজন এবং বাসাতে বসবাসকারী অন্যান্য ব্যক্তির চাহিদা মেটানোর জন্য সেখানে কর্মী থাকেন।

এই কর্মসূচীগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য আপনার ডেভেলপমেন্টাল ডিসেবিলিটি রিজনেল অফিসের সাথে যোগাযোগ করতে 1-866-946-9733 নম্বরে OPWDD এর ইনফরমেশন লাইনে কল করুন।

## গৃহসংস্থানজনিত খরচের ব্যবস্থাপনা

OPWDD গৃহসংস্থানজনিত খরচের বিষয়ে সহায়তা করে মানুষকে যতটা সম্ভব স্বনির্ভরভাবে কমিউনিটির মধ্যে বাঁচতে সহায়তা করে। এই সহায়তাটি আপনার বাসা বা অ্যাপার্টমেন্টের জন্য গৃহসংস্থানজনিত ভর্তুকি হিসাবে আসে। আপনি আপনার আয়ের 30% গৃহসংস্থানজনিত খরচ মেটাতে অবদান রাখবেন বলে আশা করা হবে। আপনার গৃহসংস্থানজনিত ভর্তুকির চেয়ে বেশি খরচের অংশ নিজে থেকে প্রদানের জন্য আপনি দায়বদ্ধ।



নীচে কিছু বিকল্প প্রস্তাবিত হল:

**মার্কেট রেট হোম/অ্যাপার্টমেন্ট:** আপনি আপনার আবাসন ভর্তুকি বিক্রি বা ভাড়া দেবার জন্য নির্ধারিত যে কোনও বাসা বা অ্যাপার্টমেন্টের জন্য ব্যবহার করতে পারেন।

**সাবসিডাইজড অ্যাপার্টমেন্ট:** আপনি হাউজিং চয়েস (বিভাগ 8) সাবসিডাইজড অ্যাপার্টমেন্টের জন্য ব্যবহার করার জন্য সীমিত গৃহসংস্থানজনিত সহায়তা পেতে পারেন।

**পাবলিক হাউজিং:** আপনি পাবলিক হাউজিংয়ে বাস করার জন্য একটি আবাসন ভর্তুকি পেতে পারেন যা যোগ্য স্বল্প আয়ের পরিবার, প্রবীণ এবং সমস্ত ধরনের প্রতিবন্ধিতা থাকা ব্যক্তিদের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন হিসাবে ভাড়া পাওয়া যায়।

**কাস্টমাইজড রেসিডেন্সিয়াল অপশন:** আপনি একটি অলাভজনক সংস্থার মালিকানাধীন একটি সার্টিফিকেটবিহীন, একক-পরিবারের বাসার জন্য প্রদেয় খরচের জন্য আপনার আবাসন ভর্তুকি ব্যবহার করতে পারেন যে বাসাটি বিকাশগত প্রতিবন্ধিতা থাকা ব্যক্তিদের কাছে ভাড়া দেওয়া হয়। বাসাটিতে বসবাসকারী প্রতিটি ব্যক্তির নিজস্ব ইজারা রয়েছে। ভাড়ার বাসার নিয়ম নির্ধারণের জন্য একসাথে আলোচনা করেন।



Office for People With  
Developmental Disabilities